

Times Today BD

সিলেট | 10 April, 2025

ভারতের সাথে আমাদের বন্দি বিনিময় চুক্তি আছে, সেই চুক্তির মাধ্যমে শেখ হাসিনাকে ফিরিয়ে আনার চেষ্টা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরী।

বৃহস্পতিবার দুপুরে সুনামগঞ্জের শান্তিগঞ্জ থানা কার্যক্রম পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এই কথা বলেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা আরো বলেন

সাম্প্রতিক সময়ে সিলেট ও খুলনার মব ঠেকাতে সরকার ব্যর্থ হয়েছে বিএনপির এমন দাবীর প্রশ্নে তিনি বলেন, ঘটনা কিছু ঘটবে। আমরা এর বিরুদ্ধে প্রতিকার নিয়েছি। যে জায়গায় ঘটনা ঘটেছে আমরা ব্যবস্থা নিয়েছি। ভবিষ্যতে ঘটলেও যে কাউকেই আইনের আওতায় নিয়ে আসা হবে। এসময় বাংলাদেশের আইনশৃঙ্খলা স্বাভাবিক আছে

সাধারণ মানুষ রাস্তা থেকে বলে আপনাদের আইন শৃঙ্খলা ভালো তারা আরও ৫ বছর আমাদের থাকতে বলতেছে বলেও মন্তব্য করেন তিনি।

এসময় তিনি শান্তিগঞ্জ থানা পরিদর্শন শেষে থানার সার্বিক বিষয় সন্তোষজনক তবে খরচের পরিমাণ একটু বেশি বলে সাংবাদিকদের জানান।

পরিদর্শনে সিলেট বিভাগীয় কমিশনার খান মো. রেজা উন নবী, সিলেট রেঞ্জের ডি আইজি মো. মুশফেকুর রহমান, সুনামগঞ্জের জেলা প্রশাসক সুনামগঞ্জ ড. মোহাম্মদ ইলিয়াস মিয়া ও পুলিশ সুপার তোফায়েল আহমেদ খানসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা।

ভারত শেখ হাসিনা স্বরাষ্ট্র উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:51

URL: <https://timestodaybd.com/sylhet/480280562>